



ওসির সামনে যুবদল নেতার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ



সংগৃহীত ছবি

নাটোরের গুরুদাসপুরে হাটের ইজারা নিয়ে উপজেলা পরিষদ চত্বরে প্রকাশ্যে পাঁচ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে স্থানীয় যুবদল নেতা রাকিবুর রহমান রাজার বিরুদ্ধে। ঘটনাটি ঘটে ইউএনও কার্যালয়ের সামনে, ওসিসহ কর্মকর্তাদের উপস্থিতিতে।

জানা গেছে, চন্দ্রপুর তুলাধুনা হাটের এক বছরের ইজারা নিয়ে টেন্ডারে অংশ নেন ওবায়দুল ইসলাম তপু ও রাজা। ২১ হাজার ৭১৩ টাকায় ইজারা পান তপু। এতে ক্ষুব্ধ হয়ে সভা শেষে তপুর কাছে পাঁচ লাখ টাকা দাবি ও হুমকি দেওয়ার অভিযোগ ওঠে রাজার বিরুদ্ধে।

তপু দাবি করেন, প্রকাশ্যে তাকে গালিগালাজ ও প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। তিনি লিখিত অভিযোগ করবেন বলে জানান।

অভিযোগ অস্বীকার করে রাজা বলেন, এটি চাঁদা নয়; পুরোনো পাওনা টাকা চেয়েছেন মাত্র। ওসি মো. শফিকুজ্জামান সরকার জানান, সরাসরি চাঁদা দাবি দেখেননি, তবে উভয়ের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।